

### বেসুতে বিক্ষোভ

শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-কে অবিলম্বে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইএএসটি)-তে রূপান্তরিত করার দাবিতে অবস্থান-বিক্ষোভ করলেন সেখানকার শিক্ষক এবং পড়ুয়ারা। বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্যাম্পাসের ভিতরেই অবস্থান-বিক্ষোভ চলে। ক্যাম্পাসে এই দাবিতে পোস্টারও লাগানো হয়। তবে এ দিন কোনও ক্লাস বয়কট হয়নি। অবস্থানকারী শিক্ষক ও পড়ুয়াদের দাবি, বেসু-কে আইআইএসটি-তে উন্নীত করার বিল অবিলম্বে পাশ করাতে হবে সংসদে।